গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ প্রশাসন-১ অধিশাখা www.emrd.gov.bd



স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০৪৮.১৮.১৩৬২

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

বিষয্: করোনাভাইরাস (Covid-19) এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাস (Covid-19) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) জালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীন দপ্তর/সংস্থার উধ্বর্তন কর্মকর্তাগলের আবাসস্থলে ন্যুনতম অফিসিয়াল দায়িত পালনের ব্যবস্থা রাখতে হবে:
- খ) আগামী ২৬ মার্চ ২০২০ হতে ০৪ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত ঘোষিত সরকারি ছুটিতে গ্যাস সরবরাহ স্বাভাবিক, নিরবচ্ছিন্ন ও নির্বিঘ্ন রাখতে হবে। বিশেষত: প্রি-পেইড দ্বারা সংযুক্ত সংযোগসমূহ (কার্ড রিচার্জ/গ্যাস সরবরাহ) নিরবচ্ছিন্ন রাখতে হবে। গ্যাস বিতরণ কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ তা নিশ্চিত করবেন;
- গ) চাহিদার নিরিখে গ্যাস উৎপাদন ব্যবস্থা নিয়ন্ত্রণে ন্যুনতম এলএনজি গ্রহণের শর্ত প্রতিপালনের পাশাপাশি স্থানীয় উৎপাদন হ্রাস/বৃদ্ধির মাধ্যমে সমন্বয় করতে হবে;
- ঘ) গ্যাস বিতরণ ও নিয়ন্ত্রণ কাজে নিয়োজিত জরুরী টিমের (Emergency Response Team) বিকল্প টিম প্রস্তুত রাখতে হবে:
- ঙ) দাপ্তরিক কাজে ব্যবহৃত প্রতিটি স্থাপনা ও সরঞ্জামাদি নিয়মিত ব্লিচিং ওয়াশ করতে হবে;
- চ) প্রতিদিন প্রতিটি পর্যায়ে যোগাযোগ রক্ষা করা এবং প্রত্যেক স্তরে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করতে হবে;
- ছ) প্রত্যেক দপ্তর/স্থাপনার প্রবেশ পথে স্যানিটাইজ (হ্যান্ড ওয়াশ) ও থার্মাল গান ইত্যাদির ম্যাধ্যমে ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করতে হবে:
- জ) প্রত্যেক দপ্তর/স্থাপনায় আইসোলেশন কক্ষ প্রস্তুত করতে হবে এবং কোন লক্ষণ প্রকাশ পেলে রোগীকে সেখানে রেখে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থাকে সংবাদ দিতে হবে;
- ঝ) প্রত্যেক দপ্তর/সংস্থায় চালকসহ এ্যাম্বুলেন্সগুলো সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে। প্রত্যেকবার ব্যবহারের পর এ্যাম্বুলেন্স জীবাণুমুক্ত করতে হবে:
- ঞ) প্রত্যেক দপ্তর/স্থাপনায় নিয়ন্ত্রণ কক্ষ খুলতে হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর সংশ্লিষ্ট দপ্তর/স্থাপনার ওয়েবসাইটে প্রকাশ করাসহ সংশ্লিষ্ট উর্ধাতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;
- ট) প্রত্যেক দপ্তর/স্থাপনায় ব্যবহৃত যানবাহন যথাযথ প্রক্রিয়ায় জীবাণুমুক্ত করতে হবে;
- ঠ) জরুরি প্রয়োজনে স্থানীয় প্রশাসনের (জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর) সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে:
- ড) করোনাভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে;
- ঢ) এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে; এবং
- ণ) বিশেষ জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবাসস্থল ত্যাগ করতে হবে; এবং
- ত) এ বিষয়ে জরুরি প্রয়োজনে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ মোস্তফা কামাল (০১৭১১-৯৪২০২২) এবং উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) মোছাম্মাৎ ফারাহানা রহমান (০১৭১২-৮৭২০৭৩) এর সাথে যোগাযোগ করতে হবে।

Alex

মোছাম্মাৎ ফারহানা রহমান উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫১৪১৬৫

ইমেইল: dsadmin1@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
- ২) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
- 8) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
- ৫) মহাপরিচালক, হাইড়োকার্বন ইউনিট, ঢাকা।
- ৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
- ৭) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি), ঢাকা।
- ৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
- ৯) ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ১০) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০৪৮.১৮.১৩৬২/১(৮৯)

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

৫ মার্চ ২০২০

অনুলিপি:

- ১) মল্রিপরিষদ সচিব, মল্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- 8) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) সকল কর্মচারী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

Felal

২৫ - ৩- ২০ ২০

মোছাম্মাৎ ফারহানা রহমান উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)